

আহত ২০ : তীব্র উত্তেজনা : পুলিশ মোতায়েন

ঢাবির জসীমউদ্দীন হলে ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ : ৭০ কক্ষ ভাঙুর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সিটি ছাত্র উঠানোকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র জসীমউদ্দীন হলে ছাত্রদলের দু'গ্রুপে ব্যাপক সংঘর্ষ হয়েছে। শনিবার রাত ১১টা থেকে সোয়া ১২টা পর্যন্ত এ ঘটনা ঘটে। ঘটনার সময় উভয় গ্রুপ অন্তত ৭০টি কক্ষ ভাঙুর করে। আহত হয়েছে উভয় গ্রুপের কমপক্ষে ২০ জন। সংঘর্ষ : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

সংঘর্ষ : ঢাবি (১ম পৃষ্ঠার পর)

ঘটনার পরপরই বিপুলসংখ্যক পুলিশ হল এলাকায় এসে অবস্থান নেয়। হলে তীব্র উত্তেজনা বিরাজ করছে।

জানা যায়, হলের ৫২৫ নম্বর কক্ষে টুকু গ্রুপের নেতা হল শাখা সাংগঠনিক সম্পাদক মনির আহিঙ্গলা নামে প্রথম কর্ণের এক ছাত্রকে ওঠায়। কেন্দ্রীয় সভাপতি হেলাল গ্রুপের নেতা হল শাখার দুই সম্পাদক তুহিন এতে বাধা দেয়। বাধা উপেক্ষা করে মনির ওই কক্ষে আধিক্যমতে রাখে। এ ঘটনার জের ধরে শনিবার রাত ১১টার তুহিনের নেতৃত্বে তার গ্রুপের ১০/১২ নেতা আধিক্যমতাবে মনিরের ওপর হামলা চালায়। মনির তখন তার ৪২৩ নম্বর কক্ষে অবস্থান করতেন। ক্যাডাররা মনিরকে হকিস্টিক, লাঠিসোটা ও রক্ত দিয়ে পিটিয়ে মাথা ভাঙিয়ে দেয়। মনির গ্রুপ তখন সংঘবদ্ধ হয়ে তুহিন গ্রুপের ওপর পাল্টা হামলা চালায়। শুরু হয় সংঘর্ষ। এ সময় উভয় গ্রুপই রক্ত, লাঠি, হকিস্টিকসহ দেশী অস্ত্র ব্যবহার করে। সংঘর্ষের একপর্যায়ে হল সভাপতি রিপন গ্রুপের ক্যাডাররা তুহিনের সঙ্গে যোগ দেয়। যৌথ বাহিনী মনির গ্রুপের ওপর হামলা চালায়। তারা বিভিন্ন কক্ষ থেকে খুঁজে বের করে মনির গ্রুপের নেতাকর্মীদের পেটায়। অপরদিকে যৌথ বাহিনীর হামলার মুখে টিকতে না পেরে হলের বাহিরে অবস্থানকারী মনির গ্রুপের কিছু নেতা চিকিৎসা নিতে বাওয়ার পথে তুহিন গ্রুপের সাইফ ও ফিজেরকে পুনরায় পেটায়। ঘটনার সময় উভয় গ্রুপই হলের উত্তর ব্লকের ৩য়, ৪র্থ ও ৫ম তলার অন্তত ৭০টি কক্ষ ভাঙুর করে। কেন্দ্রীয় বেশ কয়েকজন নেতার কক্ষও ভাঙুর করা হয়। এ ঘটনায় মনির, সাইফ, ফিজোজ, বাসেত, শিবলিসহ অন্তত ২০ জন আহত হয়েছে। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে ভর্তি করা হয়েছে।

এদিকে ঘটনার পর হলে বিপুলসংখ্যক পুলিশ আসে। হল প্রজেক্ট অধ্যাপক মাহবুবুর রহমানও হলে আসেন। রাত পৌনে ১টায় এ রিপোর্ট মেধা পর্যন্ত পুলিশ হল তদন্ত শুরু করেনি। ছাত্রদলের বিশ্ববিদ্যালয় ও কেন্দ্রীয় বেশ কিছু নেতা হলের সামনে অবস্থান করছেন।